

Total No. of Printed Pages—4

3 SEM FYUGP MINBNL 3

2 0 2 5

(Nov/Dec)

BENGALI

(Minor)

Paper : MINBNL 3

(রবীন্দ্রসাহিত্য)

Full Marks : 60

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) “একবিন্দু নয়নের জল/কালের কপোলতলে শুভ্র
সমুজ্জ্বল”—এখানে কার কথা বলা হয়েছে?

(খ) ‘তালগাছ’ কবিতায় উল্লিখিত তালগাছের কাছে কারা
যাওয়া-আসা করতে লাগলো?

(গ) ‘সাধারণ মেয়ে’ কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

8

(ক) ‘সোনার তরী’ কবিতাটির মূল ভাব সংক্ষেপে বুঝিয়ে
লেখ।

26P/430

(Turn Over)

- (খ) “তাই তো সে ঠিক তার মাথাতে
গোল গোল পাতাতে
ইচ্ছাটি মেলে’ তার,—
মনে মনে ভাবে, বুঝি ডানা এই,
উড়ে যেতে মানা নেই
বাসাখানি ফেলে তার।”

কোন কবিতার অংশ? এই অংশে কার এবং কী ভাবনা
ব্যক্ত হয়েছে, ব্যক্ত কর।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) ‘দেবতার গ্রাস’ কবিতার মূল ভাবনাটি বিশ্লেষণ কর।
(খ) ‘শা-জাহান’ কবিতাটির নামকরণের সার্থকতা বিচার কর।

দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) :

- (ক) ‘ঘরে-বাইরে’ উপন্যাসটি ধারাবাহিকভাবে কোন
পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
(খ) ‘ঘরে-বাইরে’ উপন্যাসটি কোন সালে রচিত হয়েছিল?
(গ) অমূল্য কে?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) ‘ঘরে-বাইরে’ উপন্যাস অবলম্বনে ‘চন্দ্রনাথ’-এর চরিত্রটি
সংক্ষেপে আলোচনা কর।
(খ) “যা আমি কেড়ে নিতে পারি সেইটাই যথার্থ আমার, এই
হল সমস্ত জগতের শিক্ষা।”—কে, কেন একথা
বলেছিল তা বুঝিয়ে লেখ।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) ‘ঘরে-বাইরে’ উপন্যাসে রবীন্দ্রনাথ গভীরভাবে স্বদেশী
আন্দোলনের প্রভাব, মানবিক সম্পর্কের জটিলতা এবং
সামাজিক দ্বন্দ্বকে তুলে ধরেছেন—উপন্যাস সম্পর্কে এই
ভাবনাটি কীভাবে সত্য হয়ে উঠেছে তা বিশ্লেষণ কর।
(খ) ‘ঘরে-বাইরে’ উপন্যাস অবলম্বনে নিখিলেশ-এর চরিত্রটি
ব্যাখ্যা কর।

তৃতীয় একক

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) :

- (ক) ‘ডাকঘর’ নাটকটি কোন সালে রচিত হয়?
(খ) “আগে টাকা রোজগার করতুম, সে কেবল একটা
নেশার মতো ছিল”—বক্তা কে?
(গ) ‘ডাকঘর’ নাটকে ব্যবহৃত বিভিন্ন প্রতীকীবস্তুগুলোর যে
কোনো একটির উল্লেখ কর।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) “বাবা, রাজা তোমাকে ভালোবাসেন, তিনি স্বয়ং আজ
আসছেন—তার কাছে আজ কিছু প্রার্থনা
কোরো।”—কে, কাকে, কী প্রসঙ্গে উক্তিটি করেছেন,
আলোচনা কর।
(খ) ‘ডাকঘর’ নাটকের সুখা চরিত্রটি আলোচনা কর।

- ৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯
- (ক) রবীন্দ্রনাথের 'ডাকঘর' নাটকটি বিশ্বাত্মার সঙ্গে মানবাত্মার মিলন সূচিত হবার ব্যঞ্জনাময় অনুভূতির নাটক—বিশ্লেষণ কর।
- (খ) 'ডাকঘর' নাটক অবলম্বনে ঠাকুরদার চরিত্র অথবা মাধবদত্তের চরিত্রটি বিশ্লেষণ কর।

চতুর্থ একক

- ১০। এককথায় উত্তর দাও (যে কোনো দুটি) : $1 \times 2 = 2$
- (ক) রবীন্দ্রসংগীতের বহুল প্রচারিত সংকলিত গ্রন্থটি কী ?
- (খ) "যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চল রে।"—গানটির রচনাকাল উল্লেখ কর।
- (গ) "আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে"—গানটি কোন্ পর্যায়ের গান ?
- ১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪
- (ক) "বিধির বাঁধন কাটবে তুমি এমন শক্তিমান"—গানটির তাবার্থ সংক্ষেপে লেখ।
- (খ) সংগীতচর্চার ক্ষেত্রে রবীন্দ্রজীবনে ঠাকুরবাড়ির ভূমিকা কতটুকু ছিল, সংক্ষেপে আলোচনা কর।
- ১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯
- (ক) "আমার আঁধার ভালো, আলোর কাছে বিকিয়ে দেবে আপনাকে সে"—গানটির রচনাকাল উল্লেখ করে গানটির মূল ভাব বিশ্লেষণ কর।
- (খ) রবীন্দ্রসংগীত রবীন্দ্র-প্রতিভার অন্যতম স্বাক্ষর—উদাহরণ সহযোগে উক্তিটির যথার্থতা বিচার কর।
